

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বিদেশি শিক্ষার্থী ১ হাজার ৫৫৭ জন

যাযায়দিন রিপোর্ট

দেশে বর্তমানে ৫৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। এর মধ্যে ২৭টিতে বিদেশি শিক্ষার্থী পড়ানো করা হচ্ছে। এসব বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ১৫৫৭ জন বিদেশি পড়ানো করছেন। এর মধ্যে ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি চট্টগ্রামে সর্বাধিক ২৪৩ জন শিক্ষার্থী উচ্চতর শিক্ষা গ্রহণ করছেন। যা গত বছরের তুলনায় ২৪ জন বেশি।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) প্রকাশিত ৩৭তম বার্ষিক প্রতিবেদন সূত্রে এ তথ্য জানা যায়। এ তালিকায় যুক্তি, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম স্থানে রয়েছে- অক্সফোর্ড ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে ১৩০ জন, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ৫৬ জন, গণ বিশ্ববিদ্যালয়ে ৩২ জন ও ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজিতে ৩১ জন। ৫৫টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২৭টিতে বিদেশি শিক্ষার্থী রয়েছে। ওপরে উল্লিখিত পাঁচটি বিশ্ববিদ্যালয় ছাড়া অপর বিশ্ববিদ্যালয়গুলো- অধ্যয়নরত বিদেশি ছাত্র সংখ্যা হলো- ব্র্যাক বিশ্ববিদ্যালয় ২১ জন, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ১৮ জন, অতীশ দীপকর ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি ১৬ জন, ডেভেলপমেন্ট ইউনিভার্সিটি ১৪ জন, স্টেট ইউনিভার্সিটি ১২ জন, ইতিহেভেন্ট বিশ্ববিদ্যালয় ৬ জন, এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ ৩ জন, ইস্ট ওয়েস্ট

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন প্রকাশিত প্রতিবেদন

ইউনিভার্সিটি ১ জন, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ৫ জন, ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ৫ জন, মানরাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ৩ জন, বাংলাদেশ ইউনিভার্সিটি ৪ জন, ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অলটারনেটিভ ১ জন, সাউথ ইস্ট ইউনিভার্সিটি ২ জন, শাহা মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি ২ জন, ইস্টার্ন ইউনিভার্সিটি ২ জন, উত্তরা ইউনিভার্সিটি ৩ জন, প্রেসিডেন্সি ইউনিভার্সিটি ৪ জন ও ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সাইন্স ৫ জন। প্রতিবেদন অনুযায়ী বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিদেশি শিক্ষার্থীর সংখ্যা ২০০৯ সালে ছিল ১১৯৯ জন, ২০০৮ এ ৮১২ জন ও ২০০৭ এ ৫৯৬ জন। বিগত পাঁচ বছরের তুলনায় অলোচ্য বছরে বিদেশি শিক্ষার্থীর সংখ্যা সর্বাধিক বৃদ্ধি পেয়েছে। এ বৃদ্ধির হার ছিল ৩০ শতাংশ। সর্বাধিক বিদেশি শিক্ষার্থী

অধ্যয়নরত ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি চট্টগ্রামে ১১৬৭ জন বিদেশি শিক্ষার্থী এমবিবিএস প্রোগ্রামে পড়ানো করছে। এর মধ্যে ৬০১ জন নারী শিক্ষার্থী। উচ্চ শিক্ষার জন্য এদেশে আসা শিক্ষার্থীরা প্রধানত ৩০টি দেশ থেকে এসেছেন। দেশগুলো হলো- কানাডা, চীন, জর্ডান, অস্ট্রেলিয়া, মালি, ভারত, গ্রীস, নেপাল, তুর্কি, ফিলিপিন, আরব আমিরাতে, আমেরিকা, কোরিয়া, ইরান, সোমালিয়া, ইথিওপিয়া, ইয়েমেন, আফগানিস্তান, উগান্ডা, জাম্বিয়া, ইন্দোনেশিয়া, তুরস্ক, নাইজেরিয়া, কেনিয়া, লাইবেরিয়া, বুটেন, ভিয়েতনাম, জাপান ও মালয়েশিয়া। ইউজিসির বিদেশি শিক্ষার্থী ভর্তি শাবার সিনিয়র সহকারী সচিব ওয়াহেদুল ইসলাম এ বিষয়ে বলেন, 'বিদেশি শিক্ষার্থী ভর্তির মধ্য দিয়ে একটি বিশ্ববিদ্যালয়ের মানের বিষয়টি প্রকাশ পায়। আমরা বরাবরই বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে বিদেশি শিক্ষার্থী ভর্তির বিষয়টিকে উৎসাহিত করে থাকি। বিশ্ববিদ্যালয়গুলো যতবেশি বিদেশি শিক্ষার্থী ভর্তি করতে পারবে ততবেশি তারা প্রতিযোগিতায় আসতে সক্ষম হবে।' সুযোগ সুবিধা বাড়ালে বাংলাদেশি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো আরো বেশি পরিমাণে বিদেশি শিক্ষার্থীকে এদেশে আনতে সক্ষম হবে বলেও মত দেন তিনি।